

১০. কালো কালো মেঘগুলি



পড়ুয়ারা আগের শ্রেণিতে শেখা কবিতার থেকে দীর্ঘ এবং বিমূর্ত বিষয়ের ওপর কবিতা শুনবে এবং বুঝবে। নিজেরা সঠিক হাবভাব এবং লয়ের সংযোগে তা শোনাতে পারবে। তারা কবিতাটির মূল ভাব বুঝে নিয়ে সে বিষয়ে বলতে পারবে।

কালো কালো মেঘগুলি যেই ফিরে আসে
খবর ছড়ায় তার ঠাণ্ডা, বাতাসে।
আমরাও বুঝে যাই এইবার তবে
ছিটেফোঁটা নয়, ভারী বর্ষণ হবে।
শুধু কি আমরা বুঝি, গাছপালারাও
সব বোঝে, বোঝে ঘাস বৃক্ষলতাও।
আগাম খবর পেয়ে খুশি হয়ে ভারী
যেন বলে, ‘ও বৃষ্টি, এসো তাড়াতাড়ি।
ধুলো ধুয়ে ভালো করে স্নানটা করাও,
ভরা-ভরা ঘড়া-ঘড়া জল ঢেলে দাও।’



যারা করে চাষবাস, তারাও সবাই
বলে যে, ভেজাতে মাটি আরও জল চাই।
ঢালা-মাটি কাদা হোক, নইলে ফসল
কী করে অটেল হবে, আরও চাই জল।
সে ত ভালো কথা, তবে সকল সময়
অতিবর্ষণে জাগে বন্যার ভয়।
আমরা মেঘের দিকে তাই রেখে চোখ
বলি যে, যতটা ভালো, ততটাই হোক।

নীরেন্দ্রনাথ চক্রবর্তী



Class - III

21/5/2020

বিষয় - বাংলা

■ আলোচ্য কবিতা -
'কালো কালো স্নেহগুলি'

■ কবি - নীরেড্রুনাথ চক্রবর্তী

■ কবির পরিচয় -

জন্ম

১৯২৪ সালের
১১ অক্টোবর

মৃত্যু

২০১৮ সালের
২৫ ডিসেম্বর

▼ তাঁর রচনা → নীল নিউন, অনুকার বারাদা ইত্যাদি,
তাঁর রচিত ছড়া → ভোরের পাখি, ছেঁড়ে দেয়া
কেঁড়ে বাঁচি ইত্যাদি

▼ কবিতার মূল কথা → বৃষ্টির ডাল প্রকৃতিকে কিভাবে
সাহায্য করে তারই বর্ণনা আই 'কালো
কালো স্নেহগুলি' কবিতায়

■ Home Work ■

১। 'কালো কালো স্নেহগুলি' - কবিতার কবির নাম অথ
প্রথম ৮ লাইন লেখ।